

ভক্তদের সুখবর দিলেন মাহি -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪ ঃ মেহেরপুর-শুক্রবার ১৭ অক্টোবর ২০২৫ ইং ঃ ২ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৪ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## আজ স্বাক্ষর হতে যাচ্ছে ঐতিহাসিক জুলাই সনদ

নিজস্ব প্রতিবেদক

আজ অনুষ্ঠিত হতে যাচ্ছে বহুল আকাঙ্ক্ষিত 'জাতীয় জুলাই সনদ, ২০২৫' এর স্বাক্ষর অনুষ্ঠান। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আগামীকাল বিকেল ৪টায় অনুষ্ঠিত হতে যাওয়া এই আয়োজনে জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস উপস্থিত থাকবেন। সেই সঙ্গে এ আয়োজনে উপস্থিত থাকার কথা রয়েছে বেশ কয়েকজন উপদেষ্টা ও উচ্চ পর্যায়ের সরকারি কর্মকর্তার।

গত (বুধবার) সন্ধ্যা ৬টা ২৫ মিনিটে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির দোয়েল হলে জরুরি বৈঠকটি অনুষ্ঠিত হয়।

জুলাই জাতীয় সনদ স্বাক্ষরের শেষ মুহূর্তের প্রস্তুতির সার্বিক অবস্থার খোঁজ-খবর নিতে এ বৈঠকের আহ্বান করেন প্রধান উপদেষ্টা।

বৈঠকে বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ইসলামী আন্দোলন বাংলাদেশ, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি),

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে এইচএসসিতে পাশের হার তলানিতে



তিনটি উপজেলা মিলিয়ে ৩৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ৪৬০৩ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছে ২১৫২ জন। অকৃতকার্য ২৪৩১ জন শিক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছে মোট ৯৪ জন। জেলার সামগ্রিক পাশের হার দাঁড়িয়েছে ৪৭ দশমিক ১৯ শতাংশে যা গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। পাশাপাশি গাংনী বি. এন. কলেজ থেকে ১৬ জন শিক্ষার্থীর মধ্যে কেউ পাস করতে পারেনি।

নিজস্ব প্রতিবেদক

এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ডের পাসের হার বিবেচনায় মেহেরপুর জেলা রয়েছে তলানিতে। জেলায় এবার পাশের হার ৫০.৫৮ শতাংশ।

যশোর বোর্ডের ৭ টি শিক্ষা পতিষ্ঠানের কেউ পাশ করনি তার মধ্যে মেহেরপুর জেলাই রয়েছে একটি প্রতিষ্ঠান। ফল প্রকাশের পর মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মো. আবদুর রাহীম জানান, জেলার তিনটি উপজেলা মিলিয়ে ৩৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ৪৬০৩ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছে ২১৫২ জন। অকৃতকার্য ২৪৩১ জন শিক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছে মোট ৯৪ জন। জেলার সামগ্রিক পাশের হার দাঁড়িয়েছে ৪৭ দশমিক ১৯ শতাংশে যা গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। পাশাপাশি গাংনী বি. এন. কলেজ থেকে ১৬ জন শিক্ষার্থীর মধ্যে কেউ পাস করতে পারেনি। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর এই তিন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে সর্বমোট ৪৬০৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে সাধারণ শিক্ষা বোর্ডের আওতায় ছিল ৩৭২৫ জন, মাদ্রাসা বোর্ডে ৫৮৬ জন এবং কারিগরি বোর্ডে ২৯২ জন শিক্ষার্থী। পাশের সংখ্যার বিচারে সাধারণ শিক্ষা বোর্ডের ফলাফল সবচেয়ে দুর্বল। জেলার এটি শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ ফেল করলেও কয়েকটি পুরনো ও সুনামধন্য কলেজ তুলনামূলকভাবে ভালো ফল করেছে। গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজে, গাংনী এস আই আলিম মাদ্রাসার পাশের হার ছিলো ৯০ শতাংশের বেশি। মেহেরপুর সরকারি মহিলা কলেজে পাসের হার ৬১.০২ শতাংশএ মেহেরপুর সরকারি কলেজে পাসের হার ৫৮ শতাংশর উপরে। মেহেরপুর পৌর কলেজে পাশর হার ৪১ শতাংশ। এছাড়া জেলার সকল আলিম মাদ্রাসার ফলাফল ৮০ শতাংশের বেশি। জেলা শিক্ষা অফিস জানিয়েছে, ফলাফলে পিছিয়ে থাকা প্রতিষ্ঠানগুলোকে চিহ্নিত করে বিশেষ তদারকির আওতায় আনা হবে। আগামী শিক্ষাবর্ষ থেকেই শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি, ক্লাস কার্যক্রমে শৃঙ্খলা আনা এবং শিক্ষকদের নিয়মিত মূল্যায়ন নিশ্চিত করা হবে।



# মেহেরপুর পৌরসভায় পরিচ্ছন্নতা সংকট: নাগরিকদের ক্ষোভ চরমে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের পরিচ্ছন্নতা রক্ষায় পৌরসভা ব্যর্থতার অভিযোগে ক্ষুব্ধ হয়ে উঠেছে স্থানীয় নাগরিকরা। শহরের অলিগলি থেকে শুরু করে প্রধান সড়ক পর্যন্ত ময়লা-আবর্জনার স্তূপ গড়ে উঠছে। এই অবস্থায় সাধারণ মানুষ, ব্যবসায়ী এবং শিক্ষার্থীরা দৈনন্দিন জীবনে মারাত্মক সমস্যার মুখোমুখি হচ্ছেন। শহরের বিভিন্ন এলাকায় পর্যাপ্ত ডাস্টবিন না থাকায় মানুষ নিয়মমাফিক আবর্জনা ফেলার সুযোগ পাচ্ছে না। নাগরিকদের অভিযোগ, শহরের অল্পসংখ্যক ডাস্টবিনও নিয়মিত পরিষ্কার করা হয় না। অনেক সময় ডাস্টবিন ভেঙে বা উল্টে পড়ে থাকে, যার ফলে রাস্তায় আবর্জনার স্তূপ তৈরি হয়। শহরের ৭ নং ওয়ার্ডের সুপরিচিত শিক্ষা প্রতিষ্ঠান কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান গেটের সামনে ছোটখাটো ময়লার ভাগাড় গড়ে উঠেছে। এতে শিক্ষার্থীরা দুর্গন্ধপূর্ণ ও অস্বাস্থ্যকর পরিবেশে ক্লাস করতে বাধ্য হচ্ছে। অভিভাবকরা জানিয়েছেন,

২-এর পৃষ্ঠা দেখুন



# এইচএসসি পরীক্ষায় ফেল, মেহেরপুরে কলেজ ছাত্রের আত্মহত্যা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় রবিউল ইসলাম (১৭) নামে এক কলেজ ছাত্র আত্মহত্যা করেছে। গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩টার দিকে সদর উপজেলার বামনপাড়া

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী হাড়াভাঙ্গা বিলে কৃষকের লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা বিল থেকে একটি কৃষকের লাশ উদ্ধার করা হয়েছে। নিহত আমির আলী, হাড়াভাঙ্গা গ্রামের হালসানাপাড়ার সালামত আলীর ছেলে। পরিবার সূত্রে জানা যায়, গত বুধবার দুপুরে তিনি বিলে ঘাস কাটতে গিয়েছিলেন এবং আর বাড়ি ফেরেননি। দীর্ঘ সময় না ফেরায় স্থানীয়রা রাত ১০টার দিকে মাঠে খোঁজাখুঁজি শুরু করেন। পরে বিলে তার লাশ পাওয়া যায়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, স্ট্রোকের কারণে তিনি মারা গেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।



# গাংনীতে একতলা ভবন উচ্ছেদ

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার মালশাদহ গ্রামে আদালতের নির্দেশে একতলা পাকা ভবন উচ্ছেদ করে জমির প্রকৃত মালিক গোলাম কাউছারকে দখল বুঝিয়ে দিয়েছে উপজেলা প্রশাসন। গতকাল বৃহস্পতিবার দুপুরে এই অভিযান পরিচালনা করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, মালশাদহ গ্রামের মৃত আজিমউদ্দিনের ছেলে আজিজুল হক দীর্ঘদিন ধরে জোরপূর্বক জমি দখল করে সেখানে একতলা ভবন

২-এর পৃষ্ঠা দেখুন

## আইনজীবীর পরিবারকে বার কাউন্সিলের চেক প্রদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সদস্য মরহুম কলিমুদ্দিনের পরিবারকে বাংলাদেশ বার কাউন্সিলের বেনিভোলেন্ট ফান্ড থেকে মৃত্যু দাবির ১০ লাখ টাকার চেক প্রদান করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা আইনজীবী ভবনের মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এই চেক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, যিনি মরহুম কলিমুদ্দিনের পরিবারের হাতে চেকটি তুলে

২-এর পৃষ্ঠা দেখুন




# নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা বিএনপির অগ্রাধিকার

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার বিভিন্ন নারী নেতৃবৃন্দদের অংশগ্রহণে "সমাজে নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা বিএনপির নির্বাচনী অগ্রাধিকার" শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সম্মানিত সদস্য ও নারী ও শিশু অধিকার ফোরামের আহ্বায়ক বেগম সেলিমা

২-এর পৃষ্ঠা দেখুন




# বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মউকে আলোচনা সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ বিশ্ব শিক্ষক উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার সকাল ১০টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ আয়োজনের সহযোগী ছিল গণস্বাক্ষরতা অভিযান। সভায় সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র ও এ আর বি কলেজের অধ্যক্ষ মো.

২-এর পৃষ্ঠা দেখুন

## আইনি ভিত্তি ছাড়া জুলাই সনদে সই করবে না এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

আইনি ভিত্তি ছাড়া জুলাই সনদে সই করবে না বলে জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আজ বৃহস্পতিবার সকাল ১১টার দিকে রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম। নাহিদ ইসলাম বলেন, "আইনি ভিত্তি ছাড়া কোনো নাটকীয়তায় অংশ নেবে না এনসিপি। জুলাই গণঅভ্যুত্থান কোনো ক্ষমতা পরিবর্তনের জন্য হয়নি; বরং এটি ছিল একটি ফ্যাসিবাদী কাঠামো সংস্কারের আন্দোলন। সেই ধারাবাহিকতায় আমরা নতুন বাংলাদেশের কথা বলেছিলাম।" এনসিপি আহ্বায়ক

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুর পৌরসভার পরিচ্ছন্ন কর্মীদের চার দাবিতে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার পরিচ্ছন্ন কর্মীরা বেতন বৃদ্ধিসহ চার দফা দাবি আদায়ের জন্য মানববন্ধন করেছেন। গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর প্রেসক্লাবের সামনে হরিজন ঐক্য পরিষদ ও হরিজন যুব ঐক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধনে কর্মীরা প্রধানত চারটি দাবি জানিয়েছেন। প্রথমত, বেতন বৃদ্ধি করতে হবে। দ্বিতীয়ত, কাউকে কর্ম থেকে অব্যাহতি দেওয়া যাবে না। তৃতীয়ত, চাহিদা অনুযায়ী বাসস্থান সরবরাহ করতে হবে। চতুর্থ দাবিটি হলো,

২-এর পৃষ্ঠা দেখুন

# এক যুগের অনিয়ম, বঞ্চনায় সাধারণ কৃষিবিদরা

সূর্যোদয় প্রতিবেদন

২০০৯ সাল থেকে শেখ হাসিনা সরকারের পতনের আগ পর্যন্ত কেআইবিতে একচ্ছত্র আধিপত্য ছিল আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিমের। তাঁর নেতৃত্বে ও অনুসারীদের নিয়ন্ত্রণে সংগঠনটি চলে দীর্ঘদিন। অভিযোগ রয়েছে, হলরুম ভাড়া, খাবার সরবরাহ, সাজসজ্জা ও মাসিক আয় থেকে কোটি কোটি টাকা আত্মসাৎ করা হয়। সরকার পতনের পর বিএনপিপন্থি কৃষিবিদদের নিয়ন্ত্রণে গেলেও পরিবর্তন আসেনি। নিজেদের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত হয়ে তারা সংঘর্ষেও জড়ান। গত ১৭ জানুয়ারির সংঘর্ষে বেশ কয়েকজন আহত হন। পরে সমাজকল্যাণ মন্ত্রণালয় লে. কর্নেল মো. আব্দুর রব খানকে প্রশাসক নিয়োগ দেয়। দায়িত্ব নিয়ে তিনি শুরু করেন শুদ্ধি অভিযান। এতে বেরিয়ে আসে ভয়াবহ আর্থিক অনিয়ম, ভুয়া চালান, প্রকল্পের অর্থ আত্মসাৎসহ অসংখ্য দুর্নীতির প্রমাণ। ১৯৮১ সালের ২০ জানুয়ারি কৃষিবিদদের পেশাগত

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**

**খবর (ফাঁকা চেকের জালে নারীরা জেলে)**

ঋণ দিয়েছিস সুদ নিবি
আসল ছাড়াও বেশি
কিস্তির জালে জড়িয়ে যাচ্ছে
মেহেরপুরের নারী ।
কিস্তি দিতে না পারলে
ছাগল নিয়ে যায় ধরে
জোট বেঁধে সব এসে বাড়ি
টিনের চালা খোলে।
প্রথম প্রথম ভালই দেয়
শেষের দিকে পড়ে টান
নারী নিয়ে টানাটানি
থাকলো না বাড়ির মান।
চেক নেওয়ার প্রথা চালু
বন্ধ করতে হবে
তা না হলে মেয়ে মানুষ
জেলের ভাত খাবে।







সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ২ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১৭ অক্টোবর ২০২৫ইং

## রাষ্ট্রীয় উদ্যোগে ছেঁউড়িয়ায় লালন স্মরণোৎসব শুরু আজ

নিজস্ব প্রতিবেদক,কুষ্টিয়া



বাউল সম্রাট ফকির লালন শাহ-এর ১৩৫তম তিরোধান দিবস উপলক্ষে তিন দিনব্যাপী স্মরণোৎসব আজ কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার ছেঁউড়িয়ার আখড়াবাড়ীতে শুরু হচ্ছে। এবছরই প্রথম রাষ্ট্রীয়ভাবে আয়োজন করা হচ্ছে লালন স্মরণোৎসব। এবছর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের সহযোগিতায় লালন একাডেমি ১৭ থেকে ১৯ অক্টোবর পর্যন্ত তিন দিনব্যাপী লালন উৎসবের আয়োজন করেছে। রাষ্ট্রীয়ভাবে লালন উৎসব আয়োজন করায় খুশি লালনের ভক্ত ও অনুসারীরা। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী আগামীকাল শুক্রবার (১৭ অক্টোবর) সন্ধ্যায় এই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। জানা যায়, ১২৯৭ বঙ্গাব্দের পহেলা কার্তিক উপমহাদেশের আধ্যাত্মিক সাধক পুরুষ বাউল সম্রাট ফকির লালন শাহের মৃত্যুর পর প্রথমে তার অনুসারীরা লালন স্মরণে উৎসব পালন করতেন। পরে লালন একাডেমি ও কুষ্টিয়া জেলা প্রশাসন যৌথভাবে প্রতিবছর এ উৎসব পালন করে আসছে। 'মানুষ ভজলে সোনার মানুষ হবি' বাউল সম্রাট ফকির লালন শাহ'র এই আধ্যাত্মিক বাণীকে ধারণ করে এ বছর জাতীয়ভাবে পালিত হচ্ছে উৎসব। ইতোমধ্যেই আধ্যাত্মিক গুরু ফকির লালনকে স্মরণ ও তাঁর দর্শন লাভ, অচেনাকে চেনা, জ্ঞান সঞ্চয়, আত্মার শুদ্ধি ও মুক্তির লক্ষ্যে এবং আত্মিক প্রশান্তির প্রয়াসে দেশ বিদেশ থেকে লালন অনুসারী, ভক্ত, অনুরাগী ও

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ঝলমলে চুলের পানীয়

সূর্যোদয় প্রতিবেদন

চুলের স্বাস্থ্য কেবল বাহ্যিক যত্নের ওপর নির্ভর করে না; বরং শরীরের ভিতরও অত্যন্ত জরুরি। মসৃণ, ঘন ও মজবুত চুল পেতে দৈনন্দিন খাদ্যাভ্যাসের দিকে মনোযোগ দেওয়া প্রয়োজন। এক্ষেত্রে, প্রক্রিয়াজাত খাবারের ঝামেলা এড়িয়ে সরাসরি পুষ্টি পেতে বিভিন্ন ধরনের স্বাস্থ্যকর জুসও একটি কার্যকর উপায়। ডিহাইড্রেশন প্রতিরাধী গাজর-শসার পানীয়: চারটি গাজর, একটি আপেল, একটি শসা, কয়েক ফোঁটা লেবুর রস এবং সামান্য পানি মেশান। উপকারিতা : এই জুস বিটা-ক্যারোটিনে সমৃদ্ধ, যা শরীরে ভিটামিন এ-তে রূপান্তরিত হয়। ভিটামিন এ স্ক্যাল্পকে আর্দ্র ও কন্ডিশনড রাখে। হেয়ার ফলিকল সুস্থ, ঘন ও মজবুত করে। অন্যদিকে, শসা (পটাসিয়াম, সিলিকা, ম্যাঙ্গানিজ সমৃদ্ধ) চুলের বৃদ্ধিকে উৎসাহিত করে এবং উচ্চ জলীয় উপাদান চুল ও শরীরকে হাইড্রেটেড রাখে। আর আপেল হজমে সহায়তা করে দ্রুত পুষ্টি শোষণ নিশ্চিত করে। অ্যান্টি-এজিং লাইকোপেন বুস্টার : চারটি গাজর, দুটি টমেটো, একটি শসা এবং কয়েক ফোঁটা লেবুর রস। উপকারিতা : এটি মূলত গাজর-শসার পুষ্টির সঙ্গে লাইকোপেন যোগ করে। টমেটো থেকে আসা লাইকোপেন এক শক্তিশালী অ্যান্টি-অক্সিডেন্ট হিসেবে কাজ করে, যা চুলের কোষকে রক্ষা করে এবং এটিকে অ্যান্টি-এজিং মিশ্রণে পরিণত করে। রক্ত সঞ্চালন বাড়াতে বিটরুটের মিশ্রণ : চারটি গাজর, একটি শসা, একটি ছোট

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বএনপি নেতা আমজাদ হোসেন এর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক আমজাদ হোসেন ধানের শিষের পক্ষে গণ সংযোগ করেছেন।গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ ও পথসভা করেন। পথসভায় আমজাদ হোসেন বলেন,

জামায়াতে ইসলামী এখন ইসলামকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করে জাতির মধ্যে বিভেদ সৃষ্টি করছে। তারা ধর্মের নামে প্রতারণা করছে, অথচ ইসলামের মূল চেতনা ধ্বংস করছে। বিএনপি আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য কাজ করছে। গত ১৭ বছর ধরে রাজপথে থেকে ১৯টি মামলার আসামি হয়েছি,

৩-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় ইজিবাইক চালকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা পৌর এলাকার সিঅ্যান্ডবি পাড়ার একটি দোকান ঘরের ভেতর থেকে রফিকুল ইসলাম (৪৫) নামের এক ইজিবাইক চালকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।গতকাল বৃহস্পতিবার দুপুর ১টার দিকে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করে। রফিকুল ইসলাম ওই এলাকার ওহাব আলীর ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানায়, রফিকুল প্রায়ই শহরের সার্কিট হাউস সংলগ্ন ছোট ভাইয়ের দোকানে থাকতো। বৃহস্পতিবার দুপুরে রফিকুলের স্ত্রী পাখি খাতুন স্বামীর খোঁজে সেখানে যায়। রফিকুলকে ডেকে আনার জন্য পাখি খাতুন স্থানীয় এক কিশোরকে পাঠায়। কিশোরটি দরজার ফাঁক দিয়ে ঝুলন্ত মরদেহ দেখে চিৎকার

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে মাদরাসায় সিলিং ফ্যান ও ট্রাংক বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) প্রাঙ্গণে বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টায় হাফিজিয়া ও কাওমি মাদরাসার জন্য সিলিং ফ্যান ও ট্রাংক বিতরণ করা হয়েছে। মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও মউক-এর যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে ২০টি মাদরাসায় ৭০টি ফ্যান এবং ৭০টি ট্রাংক দেওয়া হয়। মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সদর উপজেলার ১৯টি এতিমখানা ও হাফিজিয়া মাদরাসার মুহতামিম ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। তারা উপকরণ গ্রহণ করে সন্তোষ প্রকাশ করেন।

## সাবের হোসেন চৌধুরী ও স্ত্রীর নামে দুদকের মামলা অনুমোদন

সূর্যোদয় প্রতিবেদন

সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগ নেতা সাবের হোসেন চৌধুরী এবং তার স্ত্রী রেহানা হোসেনের বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও মানি লন্ডারিংয়ের অভিযোগে পৃথক দুটি মামলা করার অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বৃহস্পতিবার রাজধানীর সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেন সংস্থাটির মহাপরিচালক আক্তার হোসেন। তিনি জানান, দুদকের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এ মামলাগুলো দায়ের করা হবে। কমিশনের উপপরিচালক মো. সাইদুজ্জামান বাদী হয়ে মামলাগুলো করবেন। দুদকের অভিযোগে বলা হয়েছে, সাবের হোসেন চৌধুরী ১৯৮৯ থেকে ২০২৫ সাল পর্যন্ত সময়ে জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নতুন রেস্টুরেন্ট "ঢাকা কাচ্চি ঘর" উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের হোটেল বাজার, নিমতলা মোড়ে আজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়েছে নতুন রেস্টুরেন্ট "ঢাকা কাচ্চি ঘর"। সুস্বাদু, মানসম্মত এবং সাশ্রয়ী মূল্যের খাবার পরিবেশনের অঙ্গীকার নিয়ে শুরু হলো এই প্রতিষ্ঠানের যাত্রা। উদ্বোধনী দিনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত হয়ে রেস্টুরেন্টটির স্বাদ গ্রহণ করেন। "ঢাকা কাচ্চি ঘর" বিশেষভাবে সুগন্ধি কাচ্চি, বিরিয়ানি ও অন্যান্য রকমের খাবার পরিবেশন করছে, যা স্বল্পমূল্যে সকলের জন্য সহজলভ্য। প্রোপাইটার শাওন খান বলেন, "অনেক দিন ধরেই ইচ্ছা ছিল মেহেরপুরে একটি মানসম্মত কাচ্চি ঘর চালু করার। আজ সেই স্বপ্ন পূরণ হলো। ইনশাল্লাহ মেহেরপুরবাসীকে মানসম্মত খাবার উপহার দিতে চাই।" উদ্বোধনের পরপরই ভোজনরসিকদের উপস্থিতি

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় বিষাক্ত স্পিরিট কান্ডে দুইজন গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় হোমিওপ্যাথি চিকিৎসার নামে বিষাক্ত স্পিরিট পান করে ছয়জনের মৃত্যু ঘটেছে। পুলিশ দুজনকে গ্রেফতার করেছে এবং তাদের কাছ থেকে ১১৭ বোতল এ্যালকোহল/বিষাক্ত স্পিরিট জব্দ করেছে। গ্রেফতারকৃতরা হলেন ঝিনাইদহের রাঙ্গিয়ারপোতা গ্রামের ফারুক হোসেন (৪০) ও চুয়াডাঙ্গা সদর উপজেলার খেজুরার জুমাত আলী

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘন রোধে পদক্ষেপ নেওয়ার আহ্বান হাইকমিশনারের

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ভলকার টুর্ক বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন, যাতে দেশে আর কোনো মানবাধিকার লঙ্ঘন বা নিপীড়ন না ঘটে। বুধবার (১৫ অক্টোবর) জেনেভা থেকে জাতিসংঘের মানবাধিকার কমিশনের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই আহ্বান জানানো হয়। ভলকার টুর্ক বলেন, "বাংলাদেশে আগের সরকারের আমলে গুম ও নির্যাতনের অভিযোগে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া জবাবদিহির

৩-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই সনদ নিয়ে এনসিপির সিদ্ধান্ত দুঃখজনক: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়ন আদেশের খসড়া না দেখে সনদে স্বাক্ষর করবে না বলে জানানো জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিদ্ধান্তকে 'দুঃখজনক' বলে মন্তব্য করেছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। বৃহস্পতিবার জাতীয় সংসদে স্থাপিত কমিশনের কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রে ভারতের রপ্তানি কমলো ৪০ শতাংশ

সূর্যোদয় প্রতিবেদন

ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের আরোপিত উচ্চ শুল্কের ধাক্কায় যুক্তরাষ্ট্রে ভারতের রপ্তানি এক ধাক্কায় কমেছে প্রায় ৪০ শতাংশ। পরিসংখ্যান বলছে, গত সেপ্টেম্বরে মাত্র এক মাসেই যুক্তরাষ্ট্রে ভারতের পণ্য রপ্তানি হ্রাস পেয়েছে ২০ শতাংশ, আর গত চার মাসে এই হার দাঁড়িয়েছে প্রায় ৪০ শতাংশে। গত ২৭ আগস্ট থেকে কার্যকর হওয়া ট্রাম্পের নতুন শুল্ক কাঠামোর আওতায় ভারতীয় পণ্যের ওপর গড়ে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা হয়। পাশাপাশি রাশিয়া থেকে তেল

৩-এর পৃষ্ঠা দেখুন


জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## স্টিলের চেয়ে দশ গুণ শক্তিশালী

সূর্যোদয় প্রতিবেদন

একজন মার্কিন বিজ্ঞানী এমন এক বিশেষ ধরণের কাঠ উদ্ভাবন করেছেন, যা স্টিলের চেয়ে দশ গুণ বেশি শক্তিশালী এবং ছয় গুণ হালকা। এই নতুন উপাদানটির নাম দেওয়া হয়েছে 'সুপারউড'। মঙ্গলবার (১৪ অক্টোবর) এক প্রতিবেদনে খবর দিয়েছে সিএনএন। আমেরিকান গণমাধ্যম জানায়, যুক্তরাষ্ট্রভিত্তিক একটি প্রতিষ্ঠান শিল্পকারখানায় ব্যবহারের জন্য এই উদ্ভাবনী কাঠ তৈরি করেছে। এর পেছনে মূল ভূমিকা রেখেছেন ইয়েল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক লিয়াংবিং হু, যিনি প্রায় এক দশক ধরে নির্মাণশিল্পে ব্যবহারের উপযোগী উপকরণ নিয়ে গবেষণা করছেন। সুপারউড তৈরি করা হয় প্রকৃত কাঠ ব্যবহার করে, যা রাসায়নিকভাবে প্রক্রিয়াজাত করার পর উচ্চচাপে চেপে ঘন করা হয়। অধ্যাপক হু জানান,




তার লক্ষ্য ছিল কাঠকে আরও শক্তিশালী করতে সেলুলোজ ব্যবহার করা। ২০১৭ সালে তিনি প্রথম সফলভাবে সাধারণ কাঠকে রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে টেকসই নির্মাণ

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী , মুত্রথলী , মুত্রনালী , প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ , পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## ঝলমলে চুলের পানীয়

(শেষ পৃষ্ঠার পর)
বিটরুট এবং খোসাসহ লেবুর এক চতুর্থাংশ ।উপকারিতা : বিটরুট রক্ত পরিশোধক হিসেবে পরিচিত এবং এটি পাকস্থলীর কার্যকারিতা উন্নত করে। রক্ত সঞ্চালন বাড়ায় এবং চুলের ফলিকলে পুষ্টি পৌঁছায়। এটি স্বাস্থ্যোজ্জ্বল চুলের জন্য প্রয়োজনীয় বহু পুষ্টিগুণ সরবরাহ করে। প্রোটিন উদ্দীপক স্ট্রবেরি ব্লাস্ট : বারোটি তাজা স্ট্রবেরি, দুটি গাজর, একটি শসা এবং একটি লাল আপেল। উপকারিতা : স্ট্রবেরিতে প্রচুর পরিমাণে ভিটামিন সি এবং অ্যান্টি-অক্সিডেন্ট রয়েছে, যা হেয়ার গ্রোথে সহায়তা করে। প্রোটিন উৎপাদনের পাশাপাশি চুলের প্রোটিন গঠনকে উদ্দীপিত করে, ফলে চুল হয় আরও স্বাস্থ্যোজ্জ্বল। এ ছাড়াও মজবুত চুলের জন্য পেয়ারা গাজর এবং সবুজ আপেলের জুস পান করতে পারেন। এমনকি হিমোগ্লোবিন বৃদ্ধিতে ধনেপাতা ও শসার পানীয়ও পান করতে পারেন।

## রাষ্ট্রীয় উদ্যোগে ছেঁউড়িয়ায় লালন

(শেষ পৃষ্ঠার পর)
দর্শনার্থীরা সাঁইজির ধামে আসতে শুরু করেছেন। সাধু সঙ্গে ও পুণ্য সেবায় আসতে পেরে খুশি তারা। কুষ্টিয়ার জেলা প্রশাসক আবু হাসনাত মোহাম্মদ আরেফিন বাসসকে বলেন, প্রতিদিনই রাতে আখড়াবাড়ীর মূলমঞ্চে আলোচনা সভার পাশাপাশি অ্যাকাডেমির শিল্পী ও দেশবরেণ্য লালন শিল্পীরা লালন ফকিরের আধ্যাত্মিক গান পরিবেশন করবেন। নিরাপত্তা প্রসঙ্গে তিনি বলেন, আখড়াবাড়ী চত্বরে কালী নদীর তীরে মাঠে বসেছে বিশাল লালন মেলা। আর এই উৎসবকে নির্বিঘ্ন করতে সিসি টিভি, ওয়াচ টাওয়ারসহ কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মরমি সাধক লালনের জীবনকর্ম, জাতহীন মানব দর্শন, অসাম্প্রদায়িক চিন্তা চেতনার আদর্শিক বিষয় নিয়েই চলে আসছে প্রতিবছর এ উৎসব। ধর্ম-বর্ণ জাত-পাত ও সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে উঠে লালনের দর্শন নিয়ে অসম্প্রদায়িক সোনার বাংলাদেশ গড়ার আহ্বান সাধু বাউলদের। আগামী ১৯ অক্টোবর রোববার রাতে এবছরের মতো লালন উৎসব শেষ হবে।

## সাবের হোসেন চৌধুরী ও স্ত্রীর নামে

(শেষ পৃষ্ঠার পর)
অসঙ্গতিপূর্ণভাবে ১২ কোটি ২৫ লাখ ৪৮ হাজার টাকার বেশি সম্পদ অর্জন করেছেন। এছাড়া তার নামে থাকা ২১টি ব্যাংক হিসাবে মোট ১২৪ কোটি টাকার বেশি সন্দেহজনক লেনদেনের তথ্য পাওয়া গেছে। তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২৭(১) ধারা, দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এর ৫(২) ধারা, এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর ৪(২) ও ৪(৩) ধারা অনুযায়ী মামলা অনুমোদন দেওয়া হয়েছে। এদিকে, সাবের হোসেনের স্ত্রী রেহানা হোসেনের বিরুদ্ধেও জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে অসঙ্গতিপূর্ণভাবে ২৬ কোটি ৯৭ লাখ টাকার বেশি সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়েছে। দুদকের তথ্য অনুযায়ী, তিনি ১৯৯৯ থেকে ২০২৫ সাল পর্যন্ত সময়ে তিনটি ব্যাংক হিসাবে মোট ১৫০ কোটি টাকার বেশি সন্দেহজনক লেনদেন করেছেন। রেহানা হোসেনের বিরুদ্ধে দায়ের করা মামলায় তার স্বামী সাবের হোসেন চৌধুরীকেও সহ-আসামি করা হয়েছে। দুদকের এক কর্মকর্তা জানান, দীর্ঘ সময় ধরে সম্পদের উৎস যাচাই, ব্যাংক হিসাব পর্যালোচনা এবং অন্যান্য নথিপত্র বিশ্লেষণের পর কমিশন মামলার অনুমোদন দিয়েছে।

## চুয়াডাঙ্গায় ইজিবাইক চালকের ঝুলন্ত

(শেষ পৃষ্ঠার পর)
দিলে স্থানীয়রা আসে। চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (ওসি) খালেদুর রহমান বলেন, খবর পেয়ে মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

## গাংনীতে বএনপি নেতা আমজাদ

(শেষ পৃষ্ঠার পর)
তবুও জনগণের অধিকারের জন্য লড়ছি। কিন্তু কিছু মানুষ ধর্মকে ঢাল বানিয়ে রাজনীতি করছে মানুষকে বিভ্রান্ত করছে। তিনি বলেন, ইসলাম শান্তির ধর্ম, কোনো বিভাজনের নয়। অথচ জামায়াত আজ ধর্মকে ব্যবহার করে রাজনৈতিক ফায়দা লুটছে। তারা ইসলামের ঐক্যবদ্ধ চেতনা ধ্বংস করছে। গণসংযোগ শেষে প্রায় শতাধিক মোটরসাইকেলের শোভাযাত্রা মটমুড়ার বিভিন্ন গ্রাম প্রদক্ষিণ করে শুকুরকান্দি বাজারে গিয়ে শেষ হয়। এতে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের হাজারো নেতাকর্মী অংশ নেন।

## মেহেরপুরে নতুন রেস্টুরেন্ট "ঢাকা

(শেষ পৃষ্ঠার পর)
রেস্টুরেন্টকে জমজমাট করে তোলে। স্থানীয়রা আশা প্রকাশ করেন, মানসম্মত খাবার এবং স্বল্পমূল্যে সেবার কারণে এটি শহরের জনপ্রিয় খাবারের ঠিকানা হয়ে উঠবে।

## যুক্তরাষ্ট্রে ভারতের রপ্তানি কমলো ৪০

(শেষ পৃষ্ঠার পর)
আমদানি বন্ধ না করায় ভারতের ওপর অতিরিক্ত ২৫ শতাংশ জরিমানাও বসানো হয়। এর পূর্ণ প্রভাব প্রথমবারের মতো সেপ্টেম্বরে স্পষ্টভাবে দেখা যায়। দিল্লিভিত্তিক থিংক ট্যাংক 'গ্লোবাল ট্রেড রিসার্চ ইনিশিয়েটিভ' (জিটিআরআই)-এর সহপ্রতিষ্ঠাতা অজয় শ্রীবাস্তব বলেন, "শুল্ক বৃদ্ধির পর যুক্তরাষ্ট্র ভারতের সবচেয়ে ক্ষতিগ্রস্ত রপ্তানি বাজারে পরিণত হয়েছে। শ্রমনির্ভর খাতগুলো বিশেষভাবে বিপর্যস্ত।" সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে টেক্সটাইল, রত্ন ও গহনা, ইঞ্জিনিয়ারিং পণ্য এবং রাসায়নিক শিল্প। গত মে মাসে যুক্তরাষ্ট্রে ভারতের রপ্তানির পরিমাণ ছিল ৮৮০ কোটি ডলার, যা সেপ্টেম্বরে নেমে এসেছে ৫৫০ কোটি ডলারেড়অর্থাৎ, রপ্তানি কমেছে প্রায় ৩৭ দশমিক ৫ শতাংশ। রপ্তানি হ্রাসের প্রভাবে ভারতের বাণিজ্য ঘাটতি বেড়ে দাঁড়িয়েছে ১৩ মাসের মধ্যে সর্বোচ্চ ৩ হাজার ২১৫ কোটি ডলারে। যদিও সংযুক্ত আরব আমিরাত ও চীনের সঙ্গে বাণিজ্য কিছুটা বাড়ায় আংশিক ক্ষতি পুষিয়ে নিতে পেরেছে দেশটি। এদিকে, দুই দেশের মধ্যে বাণিজ্য চুক্তি নিয়ে স্থগিত থাকা আলোচনা সম্প্রতি ফের শুরু হয়েছে। কূটনৈতিক সূত্র জানায়, আগামী মাসের মধ্যেই এ চুক্তি সম্পন্ন করার লক্ষ্য নিয়েছে দিল্লি ও ওয়াশিংটন। অন্যদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার দাবি করেছেন, ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাশিয়া থেকে তেল কেনা বন্ধ করতে রাজি হয়েছেন। তবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা "চলমান", এবং ওয়াশিংটন ভারতীয় জ্বালানি খাতে সহযোগিতা বাড়ানোর আগ্রহ দেখিয়েছে। তবে কৃষি ও দুগ্ধ খাতে প্রবেশাধিকার নিয়ে দুই দেশের মধ্যে বড় ধরনের মতভেদ এখনো রয়ে গেছে। খাদ্যনিরাপত্তা ও ক্ষুদ্র কৃষকদের স্বার্থের কথা তুলে ধরে ভারত বহু বছর ধরেই এসব খাতকে বিদেশি প্রভাব থেকে সুরক্ষিত রাখছে।

## বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘন রোধে

(শেষ পৃষ্ঠার পর)
ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি নিহত ও তাদের পরিবারের জন্য একটি বিশেষ মুহূর্ত।" বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত সপ্তাহে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল 'টাস্ক ফোর্স ফর ইন্টেরোগেশন সেল' ও 'যৌথ জিজ্ঞাসাবাদ সেল'-এর বিরুদ্ধে জোরপূর্বক গুম ও নির্যাতনের সঙ্গে সম্পর্কিত দুটি মামলায় মানবতাবিরোধী অপরাধের আনুষ্ঠানিক অভিযোগ জমা দিয়েছে। ট্রাইব্যুনাল বেশিরভাগ সাবেক, তবে কিছু বর্তমান সামরিক কর্মকর্তার জন্যও গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে। এদের মধ্যে রয়েছেন ডিজিএফআই-এর সাবেক মহাপরিচালক এবং র‌্যাব-এর সাবেক কর্মকর্তারা। গত শনিবার বাংলাদেশ সেনাবাহিনী ঘোষণা দিয়েছে, তারা পূর্ববর্তী প্রশাসনের অধীনে সংঘটিত গুরুতর অপরাধের অভিযোগে এক ডজনেরও বেশি কর্মকর্তাকে আটক করেছে। হাইকমিশনার টুর্ক এই প্রসঙ্গে বলেন, "সেনাবাহিনী কর্তৃক আটককৃতদের অবিলম্বে উপযুক্ত বেসামরিক আদালতে হাজির করা এবং সুষ্ঠু ও স্বচ্ছ বিচারের নিশ্চয়তা দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।" তিনি আরও বলেন, "আন্তর্জাতিক আইনের অনুযায়ী যথাযথ প্রক্রিয়া ও ন্যায্য বিচারের মানদণ্ডের প্রতি শ্রদ্ধা দেখানো আবশ্যক। ভুক্তভোগী ও সাক্ষীদের সুরক্ষা নিশ্চিত করা অপরিহার্য।" বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, গত বছর ছাত্রদের নেতৃত্বে বিক্ষোভ চলাকালীন যারা মারাত্মক মানবাধিকার লঙ্ঘনের সঙ্গে জড়িত ছিল, তাদের আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ করা হয়েছিল। হাইকমিশনার টুর্ক বলেন, "প্রতিটি মামলায় যথাযথ প্রক্রিয়া ও ন্যায্য বিচার নিশ্চিত করতে হবে এবং নির্বিচারে আটক থাকা ব্যক্তিদের মুক্তি দেওয়া উচিত।" তিনি সতর্ক করে বলেন, জোরপূর্বক গুম থেকে বেঁচে আসা এবং ভিত্তিহীন অভিযোগের শিকারদের মধ্যে পূর্ববর্তী সরকারের সমর্থক ও সাংবাদিকরাও রয়েছেন। "অভিযোগের গুরুত্ব যাই হোক না কেন, চলমান কোনো মামলায় মৃত্যুদণ্ড কার্যকর করা উচিত নয়।" টুর্ক যোগ করেন, "ব্যক্তিগত জবাবদিহি নিশ্চিত করার পাশাপাশি বাংলাদেশের এগিয়ে যাওয়ার সেরা পথ হলো সত্য প্রকাশ, ক্ষতিপূরণ, নিরাময় ও ন্যায্য বিচারের সমন্বিত প্রক্রিয়া। দেশের মানুষ যাতে আর কোনো মানবাধিকার লঙ্ঘন বা নিপীড়নের শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে।"

## স্টিলের চেয়ে দশ গুণ শক্তিশালী

(শেষ পৃষ্ঠার পর)
উপকরণে রূপান্তর করতে সক্ষম হন।তিনি প্রক্রিয়াটি ব্যাখ্যা করে বলেন, কাঠ প্রথমে পানিতে ভিজিয়ে রাখা হয়, এরপর রাসায়নিক দ্রবণে সেদ্ধ করা হয় এবং পরে তা উচ্চচাপে চেপে ধরা হয়। প্রায় এক সপ্তাহের এই প্রক্রিয়া শেষে তৈরি হয় এমন এক উপাদান, যা ওজন ও দৃঢ়তার দিক থেকে স্টিলকেও ছাড়িয়ে যায়। দেখতে এটি সাধারণ কাঠের মতো হলেও 'সুপারউড' কার্যক্ষমতার দিক থেকে প্রচলিত কাঠের তুলনায় অনেক বেশি টেকসই এবং শক্তিশালী। ফলে এটি ভবিষ্যতে নির্মাণশিল্পে ধাতুর বিকল্প হিসেবে ব্যবহারের সম্ভাবনা তৈরি করেছে।

## চুয়াডাঙ্গায় বিষাক্ত স্পিরিট কান্ডে

(শেষ পৃষ্ঠার পর)
(৪৬)। ফারুককে তার নিজ বাড়ি থেকে, আর জুমাতকে খেজুরা এলাকা থেকে পৃথক অভিযানে আটক করা হয়েছে। ফারুক স্বীকার করেছেন যে তিনি দীর্ঘদিন ধরে লাইসেন্সবিহীনভাবে হোমিওপ্যাথি চিকিৎসার নামে স্পিরিট বিক্রি করে আসছিলেন। পুলিশ জানায়, ঘটনা ঘটে ১০ অক্টোবর রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার ডিঙ্গেদহ এলাকায়। কয়েকজন মিলে বিষাক্ত স্পিরিট পান করেন এবং দুইদিনের মধ্যে ছয়জনের মৃত্যু হয়। ১২ অক্টোবর চুয়াডাঙ্গা সদর হাসপাতালে একজনের মৃত্যু সংবাদে প্রকাশ পায়। তখন থেকে পুলিশ অভিযান শুর করে।নিহত লাল্টু মিয়ার ভাই সদর থানায় মামলা দায়ের করেছেন। পুলিশ বাকি অভিযুক্তদের ধরতে তৎপর।

## দুঃখজনক: আলী রীয়াজ

(শেষ পৃষ্ঠার পর)
বলেন, 'আমরা বুঝতে পারি, এটা তাদের একটি রাজনৈতিক অবস্থান। তবে এখনো আমরা আশাবাদীড়সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে তারা (এনসিপি) সনদে স্বাক্ষর করবে।' এর আগে সকালে আয়োজিত সংবাদ সম্মেলনে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম জুলাই সনদ নিয়ে তিনটি দাবি তুলে ধরেন। দাবিগুলো হলো ১. জুলাই সনদ বাস্তবায়ন আদেশের টেক্সট এবং গণভোটের প্রশ্নটি চূড়ান্ত করে আগেই জনগণের কাছে প্রকাশ করতে হবে; ২. বাস্তবায়ন আদেশের খসড়া জনগণের সার্বভৌম অভিপ্রায়ের বহিঃপ্রকাশ হিসেবে প্রধান উপদেষ্টা ড. ইউনূস জারি করবেন; ৩. গণভোটের মাধ্যমে জনগণ যদি জুলাই সনদে রায় দেয়, তবে 'নোট অব ডিসেন্ট'-এর কোনো কার্যকারিতা থাকবে না। সেই রায়ের ভিত্তিতে আগামী নির্বাচিত সংসদ সংবিধান সংস্কার করবে, যার নাম হবে 'বাংলাদেশ সংবিধান-২০২৬'। কমিশন সূত্র জানায়, স্বাক্ষর অনুষ্ঠানের পরই জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশ সরকারের কাছে জমা দেওয়া হবে। 'কমিশন আগেই জানিয়েছেড়সনদ স্বাক্ষরের পর বাস্তবায়নের সুপারিশ যত দ্রুত সম্ভব সরকারকে দেওয়া হবে। আমরা আশা করি, এনসিপি শেষ পর্যন্ত সনদে স্বাক্ষর করবে।' জুলাই জাতীয় সনদের ৮৪টি প্রস্তাবের মধ্যে মাত্র একটিতে এনসিপির 'নোট অব ডিসেন্ট' রয়েছে। দলটির এই অবস্থানকে কমিশন ইতিবাচক হিসেবে দেখছে। কারণ, এনসিপি প্রস্তাব করেছেড়আগামী সংসদ নির্বাচনে ১৫ শতাংশ আসনে নারীদের সরাসরি ভোটে নির্বাচিত করার ব্যবস্থা করা হোক, যেখানে কমিশনের প্রস্তাবে এই হার ৫ শতাংশ। 'আমাদের প্রস্তাবে যেসব সংস্কারের কথা বলা হয়েছে, সেগুলো নিয়ে এনসিপির মৌলিক ভিন্নমত নেই। তারা বাস্তবায়নের ক্ষেত্রেও একটি রাজনৈতিক শক্তি হিসেবে ভূমিকা রাখবে।

## রাশিয়ার থেকে তেল কিনবে না ভারত: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, রাশিয়ার কাছ থেকে তেল কেনা বন্ধ করতে রাজি হয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অল্প সময়ের মধ্যেই রাশিয়া থেকে তেল আমদানি বন্ধের প্রক্রিয়া সম্পন্ন হবে বলে আশ্বাস দিয়েছেন মোদিড়এমন দাবি করেছেন ট্রাম্প। বিবিসির বৃহস্পতিবারের প্রতিবেদনে বলা হয়, ট্রাম্প এই আশ্বাসকে তার প্রশাসনের জন্য একটি 'বড় জয়' হিসেবে উল্লেখ করেছেন। যুক্তরাষ্ট্র মনে করে, ইউক্রেনে আগ্রাসন চালানোর ব্যয় রাশিয়া মূলত তেল বিক্রির অর্থ থেকেই জোগাড় করে থাকে। তাই মস্কোর অর্থনীতিতে চাপ তৈরি করতে ভারতকে তেল কেনা থেকে নিরুৎসাহিত করছে ওয়াশিংটন।

## ভক্তদের সুখবর দিলেন মাহি

বিনোদন ডেস্ক

দীর্ঘদিন ধরেই স্বামী রাকিব সরকারের সঙ্গে চিত্রনায়িকা মাহিয়া মাহির সম্পর্ক নিয়ে বিনোদন জগতে নানা গুঞ্জন চলছিল। বছর দেড়েক আগে নিজেই বিচ্ছেদের ঘোষণা দিয়েছিলেন এই নায়িকা। সেই ঘোষণার পর থেকে স্বামী রাকিব সরকারের সঙ্গে মাহিকে আর প্রকাশ্যে দেখা যায়নি।

সম্প্রতি ব্যক্তিগত জীবনের সেই জল্পনার অবসান ঘটিয়েছেন মাহি। নিজের ফেসবুক হ্যান্ডেলে স্বামী রাকিব এবং তাদের একমাত্র সন্তানের সঙ্গে দুটি ছবি পোস্ট করে ভক্তদের নতুন বার্তা দিয়েছেন এই আলোচিত তারকা। এদিকে, ব্যক্তিগত জীবনের এই পটপরিবর্তনের ঠিক পরপরই ভক্তদের জন্য নতুন সিনেমার সুখবর নিয়ে হাজির হলেন মাহি। সৈকত নাসির পরিচালিত নতুন সিনেমা 'অন্তর্যামী' দিয়ে দর্শকদের সামনে ভিন্ন আঙ্গিকে ধরা দিতে চলেছেন তিনি। মাহি স্পষ্ট জানিয়েছেন, এই সিনেমাটি তার সুপারহিট সিনেমা 'অগ্নি-২'-এর পরের গল্প হলেও এটি কোনোভাবেই 'অগ্নি' নয়। নায়িকার কথায়, 'অগ্নি' ছিল শুধু প্রতিশোধের গল্প। আর 'অন্তর্যামী' হলো একটি 'সারভাইভাল স্টোরি' বা জীবন সংগ্রামে টিকে থাকার গল্প ।



মাহিয়া মাহি সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে নিশ্চিত করেছেন, 'অন্তর্যামী' একটি সম্পূর্ণ লেডি অ্যাকশন সিনেমা। এই সিনেমায় কোনো চিরাচরিত নায়ক নেই। অ্যাকশনের সবটুকু ভার একা নিজের কাঁধে নিয়েছেন নায়িকা মাহি নিজেই। তিনি আরও দাবি করেছেন, 'অন্তর্যামী' হবে 'অগ্নি'র চেয়েও ভয়ংকর ও বেশি অ্যাকশনধর্মী।

সিনেমাটি বরাবরের মতো প্রযোজনা করছে দেশের প্রথম সারির প্রযোজনা সংস্থা জাজ মাল্টিমিডিয়া। এর নির্মাণের দায়িত্বে আছেন পরিচালক সৈকত নাসির। জানা গেছে, 'অন্তর্যামী'র শুটিং হবে বাংলাদেশ, থাইল্যান্ড এবং আমেরিকায়।

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক স্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড, বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি, মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর

বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডাঃ বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডাঃনাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মোঃ আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডাঃ ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদঃ তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজিঃ নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুনঃ
মোবাইলঃ ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী),
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি .
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা
উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স

অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্ধি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!

শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট , মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭ , ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ
এমবিবিএস , ডি-অর্থো (সার্জারী )
কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, বাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস
সহকারী অধ্যাপক
এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস)
সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ ।
বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন
এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য),
এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি)
কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া )
বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য),
এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু),
ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল।
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ।
ডাঃ মোঃ রোকনুজ্জামান
এমবিবিএস(রাজশাহী),
এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী) ,সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন
এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা),
ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট । প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা।
বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম
সহকারী অধ্যাপক
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা
এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু) । প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি
এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)
এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)
প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম
এমবিবিএস,
এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ১৭ অক্টোবর ২০২৫ ইং

## আর কত ফারহানা হারালে আমরা জাগব?

জীবনের শুরুতেই শেষ হয়ে গেল এক তরুণীর স্বপ্ন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী ফারহানা ওয়াহেদা অমি যিনি বাবা-মায়ের একমাত্র আশা, সংসারের আলোকবর্তিকা, সেই ফারহানা বুধবার মেহেরপুরে এক ট্রাক দুর্ঘটনায় প্রাণ হারালেন। ফারহানার স্বপ্ন ভেঙে গেল মুহূর্তেই, থেমে গেল এক শিক্ষার্থীর জীবনযাত্রা, যার সামনে ছিল অনন্ত সম্ভাবনার দিগন্ত। দুঃখজনক হলেও সত্য, ফারহানার মৃত্যু আমাদের দেশের সেই চিরচেনা সড়ক নিরাপত্তাহীনতার চিত্রকেই আবারও সামনে নিয়ে এসেছে। প্রতিদিনই কোথাও না কোথাও জীবন ঝরে যাচ্ছে বেপরোয়া চালনা, নিয়ন্ত্রণহীন ট্রাক, কিংবা অব্যবস্থাপনার কারণে। অথচ এসব দুর্ঘটনার পরও দায়হীনতার সংস্কৃতি যেমন ছিল, তেমনি রয়ে গেছে। ফতেপুরে যে ট্রাকটি ফারহানার জীবন কেড়ে নিল, সেটি কি রাস্তায় চলার উপযুক্ত ছিল? চালকের লাইসেন্স বৈধ ছিল কি না? সড়কে ওভারটেকের নিরাপদ ব্যবস্থাপনা কতটা নিশ্চিত ছিল? এসব প্রশ্নের জবাব মিলবে না হয়তো, কিন্তু প্রতিটি প্রশ্নই রাষ্ট্র ও সমাজের কাছে দায়বদ্ধতার দাবি তোলে। ফারহানার বাবা একজন নাইটগার্ড, মা নকলনবিশা। সীমিত আয়ের এই পরিবার তাদের মেয়েকে তিল তিল করে মানুষ করেছেন, স্বপ্ন দেখেছেন মেয়ে একদিন বড় অফিসার হবে। কিন্তু সে স্বপ্ন আজ রক্তাক্ত। এই মৃত্যু কেবল একটি পরিবারের নয়, পুরো সমাজের এক বেদনাদায়ক ক্ষতি। কারণ, প্রতিটি অকাল মৃত্যু আমাদের রাষ্ট্রযন্ত্রের ব্যর্থতার প্রতিচ্ছবি। বাংলাদেশে প্রতিদিন গড়ে ১৫-২০ জন মানুষ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান বিভিন্ন সংস্থার পরিসংখ্যানে এমন তথ্যই উঠে আসে। অথচ প্রতিটি মৃত্যুর পর কিছুদিন আলোচনা হয়, তারপর সবকিছু আবার আগের জায়গায় ফিরে যায়। আমরা মনে করি, এখন সময় এসেছে "সড়ক নিরাপত্তা" কে কথার নয়, কার্যকর বাস্তবতার স্তরে নিয়ে আসার। বেপরোয়া যানচালনা নিয়ন্ত্রণে কঠোর আইন প্রয়োগ, ট্রাক ও ভারী যানবাহনের নিয়মিত ফিটনেস পরীক্ষা, এবং সড়ক পরিদর্শনব্যবস্থা জোরদার করতে হবে। স্থানীয় প্রশাসনকে আরও দ্রুত ও দায়িত্বশীল ভূমিকা নিতে হবে। একটি ফারহানার মৃত্যু হয়তো সংবাদপত্রের কয়েক কলম জায়গা দখল করবে, কিন্তু তার বাবার বুকফাটা আহাজারি, মায়ের নিঃশব্দ কান্না এসব আমাদের মানবিক বিবেককে নাড়া দেওয়ার জন্য কি যথেষ্ট নয়?

## মেহেরপুর পৌরসভায় পরিচ্ছন্নতা

(প্রথম পৃষ্টার পর)

এটি শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য ঝুঁকিতে ফেলছে। শুধু নজ রুল স্কুল নয়। শহরের শহিদ গফুর সড়ক, যাদবপুর রোড, কাঁসাড়িপাড়া, হোটেল বাজার শহরের এমন কোন জায়গা নেই খোনে ময়লা ছড়িয়ে ছিটিয়ে নেই। সাংবাদিক মেহেরাব হোসেন বলেন, শহরের প্রবেশদ্বার ওয়াবদা সড়কের দু'পাশেও নিয়মিতভাবে ময়লা ফেলা হচ্ছে, যা ধীরে ধীরে অস্থায়ী ভাগাড়ে রূপান্তরিত হচ্ছেদ্রুত কার্যকর পদক্ষেপ না নিলে শুধু পরিবেশই নয়, নাগরিক জীবনের মানও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। মেহেরপুর হোটেল বাজারের আতিকুজ্জামান অভিযোগ করে বলেন, "আমরা বছরের পর বছর পৌর ট্যাক্স দিচ্ছি, কিন্তু পরিচ্ছন্ন শহর পাচ্ছি না। পৌরসভার একশোর বেশি পরিচ্ছন্ন কর্মী থাকলেও কার্যকর তদারকি নেই। প্রয়োজনীয় পদক্ষেপ না নিলে বাধ্য হয়ে সবাই পৌরসভার গেটেই ময়লা ফেলতে বাধ্য হবে।" মেহেরপুর কলেজ রোডের আমিত সাহা নামে একজন বলেন, মেহেরপুর কলেজ থেকে সিভিল সার্জন অফিস পর্যন্ত রাস্তা দিয়ে হাটা যায়না। গত তিনদিন ধরে কুকুর মরে গন্ধ ছড়াচ্ছে। পৌর কর্তৃপক্ষ কোন গা নেই। এ দুঘন্ধে পরিবেশ দুষিত হচ্ছে। কিন্তু দেখবে কে এ গুলো। এ বিষয়ে মেহেরপুর পৌরসভার প্রশাসক পার্থ প্রীতম শীল জানান, পরিচ্ছন্নকর্মীদের কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে। শিগগিরই পরিচ্ছন্ন অভিযান শুরু হবে এবং কয়েক দিনের মধ্যে পুরো শহর পরিষ্কার করা হবে। তিনি আরও বলেন, বাসা-বাড়ির ময়লা রাস্তায় ফেলার বিষয়েও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। নাগরিকরা আশা করছেন, পৌরসভার দায়িত্বশীল পদক্ষেপের মাধ্যমে শহর অস্বাস্থ্যকর পরিবেশ থেকে মুক্তি পাবে এবং মেহেরপুর শহর আবার পরিচ্ছন্ন ও বাসযোগ্য হবে।

## নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা

(প্রথম পৃষ্টার পর)

রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন ফোরামের সদস্য সচিব অ্যাডভোকেট নিপুন রায় চৌধুরী।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক জননেতা বাবু জয়ন্ত কুমার কুন্ডু এবং বিশেষ অতিথি ছিলেন বিএনপি কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক জননেতা অনিন্দ্য ইসলাম অমিত। এ সময় কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জননেতা জাভেদ মাসুদ মিল্টন ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বক্তারা বলেন, বিএনপি ক্ষমতায় এলে নারী ও শিশুদের নিরাপত্তা, শিক্ষা, কর্মসংস্থান ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করতে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করবে। নারীকে শক্তিশালী না করলে প্রকৃত গণতন্ত্র ও উন্নয়ন সম্ভব নয় বলে তাঁরা মত প্রকাশ করেন।

## আইনজীবীর পরিবারকে বার

(প্রথম পৃষ্টার পর)

দেন। এ সময় সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এস এম সাইদুর রাজ্জাক টোটন, অ্যাডভোকেট আসাদুজ্জামান, অ্যাডভোকেট মুস্তাফিজুর রহমান তুহিন, অ্যাডভোকেট আদিল করিমসহ সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন। আইনজীবী সমিতির নেতারা বলেন, বার কাউন্সিলের এ ধরনের সহায়তা মরহুম সদস্যদের পরিবারের প্রতি মানবিক দৃষ্টান্ত সৃষ্টি করছে এবং আইনজীবী সমাজের ঐক্য ও সহযোগিতা আরও সুদৃঢ় করছে।

## আজ স্বাক্ষর হতে যাচ্ছে ঐতিহাসিক

(প্রথম পৃষ্টার পর)

গণসংহতি আন্দোলন, জেএসডি (রব), বিপ্লবী ওয়ার্কার্স পার্টি ও এবি পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা অংশ নেন।

বৈঠকে সূচনা বক্তব্যে কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেন, এই ঐতিহাসিক সনদ স্বাক্ষরের ফলে রাষ্ট্র সংস্কারের এক অভূতপূর্ব পরিবর্তনের অব্যাহত ধারার মধ্য দিয়ে বাংলাদেশের রাজনৈতিক দলগুলো একটা নির্দিষ্ট অঙ্গীকারে পৌঁছাবে।

সেই সঙ্গে সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে রাষ্ট্রকাঠামো সংস্কারের মাধ্যমে গণতন্ত্রের পুনর্জাগরণের ক্ষেত্রে এই জাতীয় সনদ একটি দিকদর্শন হিসেবে কাজ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

প্রায় আট মাস ধরে তিন ধাপে রাজনৈতিক দল ও বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা শেষে অবশেষে স্বাক্ষরিত হয়ে ১৭ অক্টোবর চূড়ান্ত হতে যাচ্ছে 'জুলাই জাতীয় সনদ, ২০২৫'।

এর আগে, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে জাতীয় ঐকমত্য কমিশন গঠন করে প্রজ্ঞাপন জারি করে সরকার। কমিশন ১৫ ফেব্রুয়ারি থেকে কাজ শুরু করে।

গত ১৬ আগস্ট রাতে রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানো পূর্ববর্তী খসড়ায় কিছু ত্রুটি থাকায়, তা সংশোধন করে নির্ভুল খসড়া প্রেরণ করা হয়। এরপর গত বুধবার (২০ আগস্ট) কমিশনের পক্ষ থেকে খসড়াটির ওপর নিজেদের যে কোনো ধরনের মতামত প্রদানের সময় ২২ আগস্ট বিকেল ৩টা পর্যন্ত বাড়ানো হয়।

সকলের মতামত পর্যালোচনা করে এবং নির্ভুল আকারে জুলাই সনদ লিখিত আকারে চূড়ান্ত করে, গত ১৪ অক্টোবর সনদের চূড়ান্ত কপি প্রতিটি রাজনৈতিক দলের কাছে তুলে দেওয়া হয়।

## গাংনীতে একতলা ভবন উচ্ছেদ

(প্রথম পৃষ্টার পর)

নির্মাণ করেছিলেন। জমির প্রকৃত মালিক একই গ্রামের মৃত মনির উদ্দিনের ছেলে গোলাম কাউছার। বিষয়টি নিয়ে গোলাম কাউছার ১৯৯৭ সালে মেহেরপুর সহকারী জজ আদালতে দেওয়ানি মামলা (নং৬৮/১৯৯৭) দায়ের করেন। দীর্ঘ শুনানির পর আদালত বাদীর

# রেমিট্যান্স যোদ্ধা: প্রবাসে ঘাম মেহেরপুরের স্বপ্ন

মিজানুর রহমান অপু



মেহেরপুরের গ্রামীণ প্রেক্ষাপটে প্রতিটি ঘরে লুকিয়ে আছে প্রবাসীর গল্প। তাদের মুখে শুধু ক্লান্তি নয়, বরং অটুট আশা ও স্বপ্নও ঝলসে ওঠে। অনেক যুবক বিদেশের মাটিতে নিজেদের ভবিষ্যৎ বিনিয়োগ করছেন পরিবারের নিরাপত্তা, সন্তানদের পড়াশোনা এবং গ্রামের উন্নয়নের জন্য। রুবেল মধ্যপ্রাচ্যের একটি দেশে দশ বছর ধরে শ্রমিক হিসেবে কাজ করছেন। "প্রতিদিনের ক্লান্তি, কঠোর পরিশ্রম সব ভুলে যাই যখন দেখি দেশে পাঠানো অর্থ দিয়ে আমাদের বাড়ি নতুন রঙ পেয়েছে, সন্তানরা বিদ্যালয়ে যাচ্ছে, এবং ছোট ব্যবসা চলতে শুরু করেছে," রুবেল জানান। তার কথায় স্পষ্ট, প্রবাসী জীবন শুধু টাকা আয় নয়, এটি পরিবার ও গ্রামের জন্য ত্যাগের প্রতীক। রেমিট্যান্স শুধু পরিবারের আর্থিক সহায়তায় সীমাবদ্ধ নয়। মেহেরপুরের স্কুল, স্বাস্থ্যসেবা কেন্দ্র ও স্থানীয় উদ্যোক্তাদের উন্নয়নেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রবাসীর পাঠানো অর্থ গ্রামে অবকাঠামো ও সামাজিক উদ্যোগকে শক্তিশালী করছে। স্থানীয় উন্নয়ন সংস্থার কর্মকর্তা বলেন, "প্রবাসীরা শুধু টাকা পাঠাচ্ছেন না, তারা অভিজ্ঞতা, আশা ও স্বপ্ন ফিরিয়ে আনছেন।"বিশেষজ্ঞরা মনে করেন, প্রবাসী অর্থ দেশের অর্থনীতির একটি খুঁটি। মেহেরপুরের প্রান্তিক অঞ্চলের মানুষের জীবনে এই অবদান স্পষ্ট। প্রতিটি ঘাম, প্রতিটি ত্যাগের পেছনে লুকিয়ে থাকে মেহেরপুরের স্বপ্নএকটি সমৃদ্ধ, স্বাবলম্বী ও উন্নত জেলা গড়ে তোলার স্বপ্ন। প্রবাসী এই 'রেমিট্যান্স যোদ্ধারা' শুধু পরিবারের নয়, পুরো মেহেরপুরের ভবিষ্যতের অবিচ্ছেদ্য অংশ। তাদের গল্প আমাদের মনে করিয়ে দেয় ঘাম আর ত্যাগ মিলিয়ে স্বপ্ন সত্যি করা সম্ভব। ( সাংবাদিক)

# বাসস্থানই মহান আল্লাহর অমূল্য নিয়ামত

রফিকুল ইসলাম

বাসস্থানই আল্লাহর অমূল্য নিয়ামত। বাসস্থান শুধু ছাদের ঠাঁই নয়, এটি মহান আল্লাহর দেওয়া এক অনমোল নিয়ামত। পৃথিবীতে প্রায় ১৫০ মিলিয়ন মানুষ গৃহহীন। বাংলাদেশেও লাখ লাখ মানুষ ঠিকমতো মাথা গোঁজার জায়গা নেই। তাই যাদের মাথা গোঁজার ব্যবস্থা আছে, তাদের উচিত আল্লাহর এই বিশাল নিয়ামতের শোকর আদায় করা। ঘরকে কেবল বসার বা ঘুমানোর জায়গা হিসেবে দেখা উচিত নয়; বরং এটি ইবাদত, নফল নামাজ, জিকির ও তিলাওয়াতের মাধ্যমে আবাদ রাখা যেতে পারে। নবী করিম (সা.) বলেছেন, "তোমরা তোমাদের ঘরেও কিছু সালাত আদায় করো, সেগুলোকে কবর বানিও না।" (বুখারি, হাদিস : ৪৩২) অর্থাৎ নামাজবিহীন ঘর কবরের মতো নির্জীব হয়ে যায়। তিনি আরও বলেন, "মানুষের জন্য সবচেয়ে উত্তম সালাত হলো ঘরে আদায়কৃত নফল নামাজ, ফরজ ছাড়া।" তাহাজ্জুদ নামাজ: শেষ রাতে ঘুম ভেঙে নবী (সা.) ঘরে নামাজ আদায় করতেন। বিতর নামাজ: উমর (রা.) বলেছেন, রাতের শেষ নামাজ হিসেবে বিতর আদায় করো। ফজরের দুই রাকাত সুন্নত: নবী (সা.) ঘরে সংক্ষেপে আদায় করতেন। আয়েশা (রা.) বলেন, তিনি এত সংক্ষিপ্ত পড়তেন যে আমি ভাবতাম, কি দুই রাকাতে ফাতিহা পড়লেন কি না। জোহরের আগে চার রাকাত নফল: সূর্য পশ্চিমে হেলার পর নবী (সা.) ঘরে পড়তেন। আসরের আগে চার রাকাত, মাগরিব ও এশার সুন্নত-নফল: ঘরে আদায় করলে উত্তম। রাতের জেগে দোয়া ও নামাজ: যে ব্যক্তি রাতে জেগে অজু করে নামাজ পড়ে, তার নামাজ ও দোয়া কবুল হয়। নফল নামাজ, জিকির ও তিলাওয়াতের মাধ্যমে ঘর আল্লাহর নিকট প্রশান্তি, রহমত ও বরকতের কেন্দ্র হয়। এতে ঘর কেবল বসার জায়গা নয়, বরং ইবাদতের কেন্দ্র হিসেবে পরিণত হয়। প্রত্যেক মুমিনের উচিত নিজের ঘরকে এইভাবে আলোকিত রাখা এবং মহান আল্লাহর শোকর আদায় করা।

পক্ষে রায় দেন। এরপর বিবাদী পক্ষ মেহেরপুর জেলা জজ আদালত, হাইকোর্ট বিভাগ ও সর্বোচ্চ আদালতে আপিল করলেও প্রতিটি স্থরে আগের রায় বহাল থাকে। সর্বশেষ সুপ্রিম কোর্টেও (নং৩৩০৭/২০১৬) চূড়ান্ত রায় দেওয়া হয় এবং জমির প্রকৃত মালিককে দখল বুঝিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়। উপজেলা প্রশাসনের একটি দল বৃহস্পতিবার সকালে ঘটনাস্থলে গিয়ে লাল পতাকা উত্তোলনের মাধ্যমে জমি দখল বুঝিয়ে দেন। গোলাম কাউছার জানান, "দীর্ঘ ১৭ বছর মামলা চলার পর আজ আমি নিজের জমি ফিরে পেয়ে অত্যন্ত খুশি। উপজেলা প্রশাসন ও পুলিশ আমাদের সঙ্গে ছিলেন।" এ সময় ইস্কেভেটর মেশিন ব্যবহার করে জমির ওপর নির্মিত একতলা ভবন ভেঙে ফেলা হয়। ঘটনাস্থলে শতাধিক গ্রামবাসী উপস্থিত ছিলেন। গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, "আদালতের নির্দেশ অনুযায়ী প্রকৃত মালিককে জমি বুঝিয়ে দেওয়া হয়েছে।"

## এক যুগের অনিয়ম, বঞ্চনায় সাধারণ

(প্রথম পৃষ্টার পর)

উন্নয়ন ও গবেষণার উদ্দেশ্যে কেআইবি প্রতিষ্ঠিত হয়। সংগঠনের জন্য ২০১০ সালে সরকার নেয় 'কেআইবি কমপ্লেক্স' নির্মাণ প্রকল্প। ব্যয় ধরা হয় ৬৬ কোটি ৩৫ লাখ টাকা, পরে তা বেড়ে দাঁড়ায় ১০২ কোটি টাকায়। আটতলা ভবনটির দক্ষিণ ও উত্তর ব্লক সংযুক্ত সেতু দিয়ে যুক্ত। রয়েছে এক হাজার আসনের মিলনায়তন, কনভেনশন হল, লাইব্রেরি, ডরমিটরি, জিমনেসিয়াম, সুইমিং পুলসহ নানা সুযোগ-সুবিধা। কিন্তু নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার ও অনিয়মে ভবনটি আজও কেআইবির নামে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর হয়নি। প্রশাসক সূত্রে জানা যায়, এখন ভবনের মালিকানা জটিলতা সমাধান, জমির খাজনা ও হোল্ডিং ট্যাক্স হালনাগাদের কাজ চলছে। কেআইবির হলরুম, ডরমিটরি, জিমনেসিয়াম, সুইমিং পুল, ক্যাফেটেরিয়া ও সদস্যদের চাঁদা থেকে মাসে এক কোটি টাকার বেশি আয় হয়। কিন্তু এর বড় অংশ কখনোই সংগঠনের ব্যাংক হিসাবে জমা হয়নি। ২০১৭ থেকে ২০২৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের অন্তত ২০টি অনুষ্ঠান হয় কেআইবিতে। এসব অনুষ্ঠানের ভাড়া ছিল ৯৭ লাখ টাকা, কিন্তু সংগঠনের হিসাবভুক্ত হয়নি এক টাকাও। খাবার সরবরাহ ও সাজসজ্জার কাজ একচেটিয়া নিয়ন্ত্রণে ছিল 'ইকবাল ক্যাটারিং'-এর। প্রতিষ্ঠানটির কাছ থেকে বকেয়া ভাড়া বাবদ ইতোমধ্যে আদায় করা হয়েছে চার লাখ ৮৬ হাজার টাকা। অন্য খাতের আরও ১১ লাখ টাকার পাওনা আদায়ের প্রক্রিয়া চলছে। গত ৮ অক্টোবর অর্থ আত্মসাতের অভিযোগে হিসাবরক্ষণ কর্মকর্তা জুলফিকার আলীর বিরুদ্ধে মামলা হয়। অভিযোগ, ২০১৯ থেকে ২০২৩ সালের মধ্যে অন্তত ৬০ লাখ টাকা আত্মসাৎ করে তিনি ব্যক্তিগত ও সহকর্মীর নামে সঞ্চয়পত্রে বিনিয়োগ করেন। অনিয়ম আড়াল করতে অফিসের হার্ডডিস্কও সরিয়ে ফেলেন। এ ছাড়া সাবেক সহকারী ব্যবস্থাপক ছানোয়ার হোসেনের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ নথি গোপনে সরিয়ে নেওয়ার চেষ্টার অভিযোগে থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। প্রশাসক লে. কর্নেল মো. আব্দুর রব খান বলেন, "সদস্যদের স্বার্থে কেআইবিতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করাই এখন লক্ষ্য। দীর্ঘদিনের আর্থিক অনিয়ম নিরীক্ষার মাধ্যমে চিহ্নিত হচ্ছে, দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।" তিনি আরও জানান, হোল্ডিং ট্যাক্স মওকুফের উদ্যোগ নেওয়া হয়েছে। সদস্যদের চিকিৎসা সুবিধায় ইউনাইটেড হাসপাতালের সঙ্গে চুক্তি হয়েছে। অফিসের সব কর্মকর্তা-কর্মচারী এখন প্রভিডেন্ট ফান্ডের আওতায় আসছেন। বঞ্চিত সাধারণ কৃষিবিদদের আশা, প্রশাসকের শুদ্ধি অভিযানে দুর্নীতির অবসান ঘটবে। তাদের একটাই প্রত্যাশা কেআইবি যেন আর লুটপাটের কেন্দ্র না হয়ে কৃষিবিদদের ঐক্যের প্রতীক হয়ে ওঠে।

## মেহেরপুর পৌরসভার পরিচ্ছন্ন

(প্রথম পৃষ্টার পর)

কর্মরত অবস্থায় দুর্ঘটনা ঘটলে শারীরিক ক্ষতির পূর্ণ চিকিৎসা খরচ মেহেরপুর পৌরসভা বহন করবে।

সংগঠনের সভাপতি বাচ্চু বাসফোড়ের নেতৃত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক স্বপন ভূঁইমালি, কল্যাণ পরিষদের সভাপতি মিঠু বাসফোড়, যুব পরিষদের সভাপতি জনি বাসফোড় ও যুগ্ম সম্পাদক অমিত কুমার। তারা বলেন, পরিচ্ছন্নতা কর্মীরা শহরের সৌন্দর্য ও জনস্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। কিন্তু এখনও তাদের প্রাপ্য সম্মান, নিরাপত্তা ও মৌলিক অধিকার নিশ্চিত করা হয়নি। মানববন্ধনে বক্তারা আগামী ৪৮ ঘণ্টার মধ্যে দাবি মেনে না নেওয়া হলে কঠোর কর্মসূচি পালনের হুঁশিয়ারিও দেন। তারা আশা প্রকাশ করেন, পৌরসভা তাদের মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করবে।

## আইনি ভিত্তি ছাড়া জুলাই সনদে সই

(প্রথম পৃষ্টার পর)

আরও বলেন, "জুলাই সনদ বাস্তবায়ন আদেশ সনদ স্বাক্ষরের আগেই প্রকাশ করতে হবে। জনগণের সার্বভৌম অভিপ্রায়কে প্রাধান্য দিয়ে এ আদেশ প্রধান উপদেষ্টা জারি করবেন। স্বাক্ষরের আগেই বাস্তবায়ন আদেশের খসড়ায় রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্যমত হতে হবে। এরপরই আমরা জুলাই সনদে স্বাক্ষরের বিষয়টি বিবেচনা করব।" তিনি আরও জানান, "আদেশের খসড়া আমরা আগে দেখতে চাই। যেহেতু প্রধান উপদেষ্টা জুলাই গণঅভ্যুত্থানের শক্তিতে সরকার গঠন করেছেন, তাই প্রেসিডেন্ট নয় বরং সরকারপ্রধান হিসেবে তিনি সেটি জারি করবেন।" নাহিদ ইসলাম বলেন, "গণভোটের মাধ্যমে জনগণ যদি সনদের পক্ষে ভোট দেয়, তবে পরবর্তী সংসদকে কনস্টিটিউট পাওয়ার দেওয়া হবে। সনদ অনুযায়ী সংবিধান সংস্কারের দাবিতে প্রায় সবাই একমত। তবে এর কোনো সংশোধনী হবে কি না, তা এখনো স্পষ্ট নয়।" তিনি আরও জানান, "জুলাই সনদে প্রস্তাবিত ৮৪টি সংস্কারের বিষয়ে গণভোট অনুষ্ঠিত হবে। এতে 'নোট অব ডিসেন্ট'-এর আলাদা কোনো কার্যকারিতা থাকবে না। গণভোটের প্রশ্নগুলো আগেই চূড়ান্ত করা প্রয়োজন।" সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এনসিপির সদস্যসচিব আখতার হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদিব, আহ্বায়ক জাবেদ রাসিনসহ কেন্দ্রীয় নেতারা।

## বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মউকে

(প্রথম পৃষ্টার পর)

আনোয়ারুজ্জামান। এবারের প্রতিপাদ্য ছিল "শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টার দীপ্তি", প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। আলোচনা সভায় রাজনগর দাখিল মাদ্রাসার সিনিয়র শিক্ষক মাওলানা কাজী রুহুল আমীন, সমাজসেবক মো. আব্দুর রকিব এবং কিতাব আলী মাস্টার বক্তব্য রাখেন। প্রধান অতিথি বলেন, "শিক্ষকদের মর্যাদা রক্ষায় সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের সম্মিলিতভাবে এগিয়ে আসতে হবে।" আলোচনার আগে একটি বর্ণাঢ্য র‍্যালি আমঝুপির প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠানে বিভিন্ন পেশার ৬০ জন প্রতিনিধি অংশ নেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

## মেহেরপুরে কলেজ ছাত্রের আত্মহত্যা

(প্রথম পৃষ্টার পর)

গ্রামে এ ঘটনা ঘটে। রবিউল ওই গ্রামের আব্দুল গণির ছেলে। রবিউলের বন্ধু নাসিম রেজা জানান, চলতি বছর মেহেরপুর টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ থেকে বিজ্ঞান বিভাগে এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল রবিউল। ফলাফল প্রকাশের পর জানতে পারে, সে পরীক্ষায় অকৃতকার্য হয়েছে। এতে মানসিকভাবে ভেঙে পড়ে রবিউল। এক পর্যায়ে নিজের ঘরের সিলিং ফ্যানের সঙ্গে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরিবারের সদস্যরা বিষয়টি টের পেয়ে দ্রুত তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক রবিউলকে মৃত ঘোষণা করেন। মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাহ উদ্দিন আহমেদ বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় রবিউল আত্মহত্যা করেছে। মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

## উপদেষ্টাদের কল রেকর্ড অন্য কারও কাছে থাকা বেআইনি ও ব্ল্যাকমেইলিং: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, একটি ইসলামিক দলের নেতা দাবি করেছেন যে তাদের কাছে উপদেষ্টাদের কল রেকর্ড রয়েছে এবং তা ফাঁস করা হবে। এটি গুরুতর অভিযোগ উল্লেখ করে তিনি বলেন, উপদেষ্টাদের কল রেকর্ড কোনো রাজনৈতিক ব্যক্তির হাতে থাকা সম্পূর্ণ বেআইনি ও এটি একধরনের ব্ল্যাকমেইলিং। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) রাজধানীর কামরাঙ্গীরচর এলাকায় অসুস্থ শিশু হুনাইফার চিকিৎসার জন্য বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদানকালে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, "আমরা একটি জটিল সময় অতিক্রম করছি। ফ্যাসিস্টদের বিদায়ের পর বাংলাদেশকে মানবিক বাংলাদেশ হিসেবে গড়ে তোলাই আমাদের অঙ্গীকার। যেন কোনো অসহায় মানুষ বিনা চিকিৎসায় কষ্ট না পায়।" তিনি আরও বলেন, জুলাই সনদ নিয়ে রাজনৈতিক অঙ্গনে যে আলোচনা চলছে, সেটি এখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। তবে কিছু অমীমাংসিত বিষয়ে নোট অব ডিসেন্ট এবং গণভোট নিয়ে অপ্রয়োজনীয় বিতর্ক সৃষ্টি করা হচ্ছে। রিজভীর ভাষায়, "প্রত্যেকটি রাজনৈতিক দল যখন ঐক্যের দিকে অগ্রসর হচ্ছে, তখন এসব ছোটখাটো ইস্যুতে বিলম্ব ঘটানো জনগণ ভালোভাবে নিচ্ছে না।" তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, "গণতন্ত্রের পথে দ্রুত অগ্রসর হতে কোনো বাধা সৃষ্টি করা হলে তার সুফল ফ্যাসিস্ট গোষ্ঠীগুলোই পাবে। আমরা আশা করি, আগামীকাল (শুক্রবার) জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানে সব রাজনৈতিক দল ঐক্যবদ্ধভাবে অংশ নেবে।" এ সময় উপস্থিত ছিলেন আমরা বিএনপি পরিবারের আহ্বায়ক আতিকুর রহমান রুমন, বিএনপির উপদেষ্টা ও কোষাধ্যক্ষ রাশেদুজ্জামান মিল্লাত, আশরাফ উদ্দিন বকুল, ছাত্রদলের সহ-সভাপতি তৌহিদুর রহমান আউয়ালসহ স্থানীয় নেতৃবৃন্দ।

## আবারও দফায় বাড়ল জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ

সূর্যোদয় প্রতিবেদন

সরকার তৃতীয় দফায় জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ বাড়িয়েছে। কমিশনের মেয়াদ আরও ১৫ দিন বাড়িয়ে আগামী ৩১ অক্টোবর পর্যন্ত করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন আজ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা হয়েছে। গত ১২ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে সাত সদস্যের জাতীয় ঐকমত্য কমিশন গঠন করা হয়। গঠনকালীন সময় কমিশনকে প্রতিবেদন দাখিলের জন্য ছয় মাস সময় দেওয়া হয়েছিল। সে হিসেবে গত ১৫ আগস্ট কমিশনের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় এর আগে দুই দফায় কমিশনের মেয়াদ এক মাস করে বাড়ানো হয়। এখন তৃতীয় দফায় আরও ১৫ দিনের জন্য মেয়াদ বাড়ানো হলো। কমিশনটি মূলত সরকারের গঠিত ছয়টি সংস্কার কমিশনের (নির্বাচন, প্রশাসন, বিচার, অর্থ, শিক্ষা ও স্থানীয় সরকার সংস্কার কমিশন) সুপারিশগুলো পর্যালোচনা ও সমন্বয়ের দায়িত্বে রয়েছে। পাশাপাশি সংস্কার বাস্তবায়নে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য গড়ে তোলার কাজও করছে কমিশন। কমিশন ইতোমধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ সম্পন্ন করেছে এবং সংস্কারের বিষয়ে রাজনৈতিক ঐকমত্যে পৌঁছেছে বলে জানা গেছে। এদিকে আগামীকাল শুক্রবার রাজনৈতিক দলগুলো জুলাই সনদে স্বাক্ষর করার কথা রয়েছে, যা কমিশনের কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে দেখা হচ্ছে।

## যুবসমাজ ও মায়েরা ইসলামকে দারুণভাবে ধারণ করছে: জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামী মনে করে, দেশের যুবসমাজ ও মায়েরা আজ ইসলামকে গভীরভাবে ধারণ করছেন। দলের আমির ডা. শফিকুর রহমান বলেছেন, 'আমরা অভিভূত হয়ে লক্ষ করছি, দুটো সমাজ ইসলামকে দারুণভাবে ধারণ করছেড়একটি আমাদের যুবসমাজ, আরেকটি আমাদের মায়েদের সমাজ।' বৃহস্পতিবার রাজধানীর মিরপুরের পুলিশ কনভেনশন সেন্টারে ঢাকা-১৫ নির্বাচনী আসনের এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, 'আজ পর্যন্ত তিনটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নির্বাচন হয়ে গেছে। সব জায়গায় একই চিত্রড়মেয়েদের আস্থা ছাত্রশিবিরের ওপর, তরুণদের আস্থা ছাত্রশিবিরের ওপর। এরই প্রতিচ্ছবি আগামীতে বাংলাদেশ দেখবে।' তিনি আরও বলেন, '৯১ ভাগ মুসলমানের এই দেশে আমাদের মায়েদের ঘরে-বাইরে যথাযথ সম্মান নেই। বাংলাদেশ জামায়াতে ইসলামী আল্লাহর কোরআন ও রাসুলের জীবনী থেকে শিক্ষা নিয়েছেড়আমাদের মায়ের জাতিকে প্রকৃত মর্যাদায় অধিষ্ঠিত করতে হবে। যোগ্যতা ও প্রয়োজন অনুযায়ী নারীরাও রাষ্ট্র গঠনে অবদান রাখবেন।'

জামায়াত আমির বলেন, 'ইমান বা ধর্মবিশ্বাসের হিসাব নেওয়ার দায়িত্ব আমাদের নয়। আমরা দেশের সব নাগরিককে সম্মান করবড় তার ধর্ম, ভাষা, গায়ের রং বা অবস্থান যাই হোক না কেন। পাহাড়ে থাকুক বা সমতলে, সে আমার ভাই, সে আমার বোন, সে এই দেশের নাগরিকড়আমরা সেই মর্যাদায়ই তাকে দেখব।' রাষ্ট্র ও অর্থনীতি পুনর্গঠনের অঙ্গীকারের কথা উল্লেখ করে ডা. শফিকুর রহমান বলেন, 'এ দেশের অর্থনীতি ভাঙাচোরা ও দুর্নীতিগ্রস্ত। দেশকে দুর্নীতিবাজদের হাত থেকে উদ্ধার করে প্রকৃত সেবকদের হাতে তুলে দিতে হবে। সেই ব্যক্তি আমাদের দলের হতে পারে, নাও হতে পারে; মুসলমানও হতে পারে, অন্য ধর্মেরও হতে পারে। যোগ্যতার ভিত্তিতেই দায়িত্ব প্রদান করতে হবে। এমন একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তুলতে চাই আমরা।' তিনি বলেন, 'আমরা এমন একটি সমাজ গঠন করতে চাই, যেখানে শাসকেরা জনগণের কাছে তাদের ত্রুটি ও ব্যর্থতার জন্য ক্ষমা চাইবে। তারা প্রশংসা বা স্লোগান চাইবে না। বরং জনগণের প্রতি দায়িত্ববোধ থেকেই তাদের অন্তর ভয়ে কাঁপবেড়এই ভাবনায় যে "আমার কাঁধে দেওয়া দায়িত্ব আমি যথাযথভাবে পালন করতে পারছি কি না।"'

## জুলাই আন্দোলনে কেউ 'মাস্টারমাইন্ড' ছিলেন না: আসিফ মাহমুদ

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রামের জুলাই আন্দোলনের প্রধান কুশীলব বা 'মাস্টারমাইন্ড' হিসেবে কোনো ব্যক্তি ছিলেন না বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) এই বক্তব্যটি তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ দেন, যেখানে চলমান মানবতাবিরোধী অপরাধের মামলায় ছয়জনকে হত্যার ঘটনায় সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানসহ আটজনের বিরুদ্ধে তার অবশিষ্ট সাক্ষ্য নেওয়া হয়। ট্রাইব্যুনাল-১-এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের প্যানেল সাক্ষ্যগ্রহণ পরিচালনা করেন। জেরার সময় আসিফ মাহমুদ জানান, "গত বছরের ৫ জুন কোটাপ্রথা পুনর্বহালের রায়ের পর আমরা ৫৮ জন সমন্বয়ক ও সহসমন্বয়কের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে পদক্ষেপ নিই। এতে কোনো রাজনৈতিক দলের প্রভাব ছিল না। আন্দোলনের কোনো প্রধান ব্যক্তি ছিল না এবং সমন্বয়কদের মর্যাদা সমান ছিল।" প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আন্দোলনের সঙ্গে যোগাযোগের জন্য ফেসবুক ও হোয়াটসঅ্যাপ ব্যবহৃত হয়েছে। এছাড়া, আন্দোলনের একটি কর্মসূচি ঘোষণার পেছনে কোনো বিদেশি ইন্ধন ছিল না এবং খরচও আন্দোলনকারীরাই সংগ্রহ করেছে। চানখারপুলে পুলিশ গুলি চালানোর সময় নিজের অবস্থান সম্পর্কে আসিফ বলেন, তিনি প্রায় ২০০ মিটার দূরে ছিলেন। এ বিষয়ে আসামিপক্ষের আইনজীবী প্রশ্ন করলে তিনি জানিয়েছেন, এত দূর থেকে গুলির দৃশ্য দেখা যায়। আগের সাক্ষ্যগ্রহণে তিনি গত বছরের ৫ আগস্ট চানখারপুলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নৃশংসতার বিস্তারিত বিবরণ দেন। এছাড়া ডিবি পরিচয়ে নিজেকে রাতের আঁধারে গুম করার চেষ্টার কথাও উল্লেখ করেন। এই ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ সংশ্লিষ্টদের দায়ী করেন তিনি।

## উইন্ডিজ সিরিজে বাংলাদেশের দল ঘোষণা, বাদ পড়লেন নাঈম ও নাহিদ

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজে হোয়াইটওয়াশের ধাক্কা খেলেছে বাংলাদেশ ক্রিকেট দল। এবার নতুন চ্যালেঞ্জ হিসেবে বাংলাদেশের সামনে ওয়েস্ট ইন্ডিজ। চলতি মাসেই হোস্টে ক্যারিবি-য়ানদের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলবে মেহেদী হাসান মিরাজের দল। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আজ ১৮ সদস্যের ওয়ানডে দল ঘোষণা করেছে। আফগানিস্তান সিরিজে দুর্বল পারফরম্যান্সের কারণে ব্যাটসম্যান মোহাম্মদ নাঈম শেখ ও নাহিদ রানা দল থেকে বাদ পড়েছেন। তাদের জায়গায় দলে সুযোগ পেয়েছেন সৌম্য সরকার ও মাহিদুল ইসলাম অঙ্কন। বিশেষ কথা হলো, অঙ্কন এবার প্রথমবারের মতো ওয়ানডে দলে ডাক পেয়েছেন; যদিও তিনি জাতীয় দলের হয়ে আগে একটি টেস্ট ম্যাচ খেলেছেন। ঢাকায় অনুষ্ঠিত তিন ম্যাচের ওয়ানডে সিরিজ হবে ১৮, ২১ ও ২৩ অক্টোবর মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে। প্রতিটি ম্যাচ শুরু হবে দুপুর ১টা ৩০ মিনিটে। ওয়ানডে সিরিজ শেষ হওয়ার পর চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ অনুষ্ঠিত হবে ২৭, ২৯ ও ৩১ অক্টোবর। ম্যাচগুলোর সময় সন্ধ্যা ৬টা। মেহেদী হাসান মিরাজ (অধিনায়ক), তানজিদ হাসান তামিম, সৌম্য সরকার, সাইফ হাসান, নাজমুল হোসেন শান্ত, তাওহিদ হৃদয়, মাহিদুল ইসলাম অঙ্কন, জাকের আলী, শামীম হোসেন, নুরুল হাসান সোহান, রিশাদ হোসেন, তানভীর ইসলাম, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, তানজিম হাসান, হাসান মাহমুদ। বাংলাদেশ দলের লক্ষ্য ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ঘরের মাঠে সফলতা এনে আফগানিস্তান সিরিজের হতাশা কাটানো।